জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর।
ISO 9001:2015 Certified
ফোন নং-০৯৮১-৬৩০৩০/৬২৪০৩, ই-মেইল নং-jamalpurpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৩৯৩৬.৫২৩.০১.০৩৮.২৩. ৩৪৭২ তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০ / ১৮ জুলাই ২০২৩

## RFQ দরপত্র নং- ০১/২০২৩-২০২৪

**বিষয়: পানাগাড়ী ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ০২টি বিনষ্ট ৩.৩৩ এমভিএ পাওয়ার ট্রান্সফরমারের মেরামতকৃত এইচটি ও এলটি কয়েল পরিবহন, লোডিং-আনলোডিং ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ সহ চালু করণের দরপত্র আহবান (RFQ) ।**

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির জন্য পানাগাড়ী ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ০২টি বিনষ্ট ৩.৩৩ এমভিএ পাওয়ার ট্রান্সফরমারের মেরামতকৃত এইচটি ও এলটি কয়েল পরিবহন লোডিং-আনলোডিং ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ সহ চালু করণের নিমিত্তে নিম্নোক্ত বর্ণনা মোতাবেক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় প্রকৃত সরবরাহকারী ও সেবাদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে (**RFQ**) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | কাজের বিবরণ | বিস্তারিত বিবরণ | কাজ | উদ্ধৃত দর (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | এইচটি/এলটি কয়েল ড্রাম সাভার ওয়ার্কশপ হতে সড়ক পথে জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলার পিংনা নৌকা ঘাট পর্যন্ত পরিবহন | মেরামতকৃত এইচটি/এলটি কয়েল সাভার ওয়াপর্কশপ হতে সড়ক পথে জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলার পিংনা নৌকা ঘাট পর্যন্ত ট্রাক/পিক-আপ যোগে পরিবহন (দূরত্ব আনুমানিক-১৬০কিঃমিঃ)। এইচটি/ এলটি কয়েল ড্রামে কোন প্রকার আঘাত বা বাহ্যিকভাবে প্রেসার দেওয়া যাবে না, টানা হেচরা করা যাবে না। শুধুমাত্র সাভার ওয়ার্কশপে ক্রেন দ্বারা লোডিং এবং উপকেন্দ্র প্রান্তে চেইন কোপ্পা বা তিন পায়া দ্বারা আনলোডিং করতে হবে। পথিমধ্যে কোথাও কোন ক্রমেই পিক-আপ হতে নামানো উঠানো যাবে না। | পরিবহন | |
| ০২ | এইচটি/এলটি কয়েল ড্রাম পিংনা নৌকা ঘাট হতে নৌ পথে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার ৬নং/ভেটুয়া/ নাটুয়াপাড়া মেগাই ঘাট পর্যন্ত বড় নৌকা বা বার্জের মাধ্যমে পরিবহন | মেরামতকৃত এইচটি/এলটি কয়েল জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলার পিংনা নৌকা ঘাট হতে নৌ পথে বড় নৌকা বা বার্জের মাধ্যমে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার ৬নং/ভেটুয়া/নাটুয়াপাড়া মেগাই ঘাট পর্যন্ত ট্রাক/পিক-আপ সহ লোডিং অবস্থায় বড় নৌকা বা বার্জে করে পরিবহন (দূরত্ব আনুমানিক-১৫কিঃমিঃ)। এইচটি/এলটি কয়েল ড্রাম পরিবহনকালে ট্রাক/পিক-আপ হতে কোন প্রকার লোড/আনলোড করা যাবে না, আঘাত বা বাহ্যিকভাবে প্রেসার দেওয়া যাবে না, টানা হেচরা করা যাবে না। | পরিবহন | |
| ০৩ | এইচটি/এলটি কয়েল ড্রাম সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার ৬নং/ভেটুয়া/নাটুয়াপাড়া মেগাই ঘাট হতে পানাগাড়ি উপকেন্দ্র পর্যন্ত সড়ক পথে পরিবহন | মেরামতকৃত এইচটি/এলটি কয়েল সড়ক পথে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার ৬নং/ভেটুয়া/নাটুয়াপাড়া মেগাই ঘাট হতে পানাগাড়ি উপকেন্দ্র পর্যন্ত ট্রাক/পিক-আপ যোগে পরিবহন(দূরত্ব আনুমানিক-১৫কিঃমিঃ)। এইচটি/এলটি কয়েল ড্রামে কোন প্রকার আঘাত বা বাহ্যিকভাবে প্রেসার দেওয়া যাবে না, টানা হেচরা করা যাবে না। উপকেন্দ্রের প্যাডে ক্রেন/চেইন কোপ্পা বা তিন পায়া দ্বারা আনলোডিং করতে হবে। পথিমধ্যে কোথাও কোন ক্রমেই ট্রাক/পিক-আপ হতে নামানো উঠানো যাবে না। | পরিবহন | |
| ০৪ | এইচটি/এলটি কয়েল ড্রাম কোরের মধ্যে স্থাপন | পাওয়ার ট্রান্সফরমার মেরামত কাজে দক্ষ ও অভিজ্ঞ লোকবলের মাধ্যমে পানাগাড়ী উপকেন্দ্রে সংরক্ষিত ৩.৩৩ এমভিএ পাওয়ার ট্রান্সফরমারের কোর সেটিং, বেস ফ্রেমিং, বাইন্ডিং সহ প্রস্তুত পূর্বক তিন পায়া/চেইন কোপ্পা/ক্রেন ব্যবহার করে এইচটি/এলটি কয়েল ড্রাম ট্রান্সফরমার কোরের মধ্যে সেটিং, ওয়েল্ডিং, ট্যাপিং বাহির করন, গ্যাস ওয়েল্ডিং মেশিন সংগ্রহ পূর্বক উহা দ্বারা পাওয়ার ট্রান্সফরমারের এইচটি ও এলটি কয়েলের সাথে এইচটি বুশিং ও এলটি বুশিং এর লিডের সাথে সংযুক্ত করার জন্য ওয়েল্ডিং করা সহ যাবতীয় কাজ সম্পাদন করা। | সেটিং করণ | |
| ০৫ | হিট ব্লোয়ার মেশিন সাভার ওয়ার্কশ হতে পানাগাড়ী উপকেন্দ্রে পরিবহন | পানাগাড়ী উপকেন্দ্রে হিটিং চেম্বারের সুবিধা না থাকায় কোর কয়েলের ইন্সুলেশন বৃদ্ধি সহ হিট দিয়ে ট্রান্সফরমারের অভ্যন্তর ভাগ ড্রাই করার জন্য বাপবিবোর্ডের সাভারস্থ সিস্টেম অপারেশন ওয়ার্কশপের ব্যবহৃত হিট ব্লোয়ার মেশিনটি সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলায় অফগ্রীড এলাকায় স্থাপিত পানাগাড়ী উপকেন্দ্র পর্যন্ত পরিবহন। উক্ত মালামাল পরিবহণের জন্য সাভার ওয়ার্কশপ হতে পিক-আপ যোগে সড়ক পথে পিংনা নদীঘাট পর্যন্ত পরিবহণ, নৌকা যোগে নদীপথে পরিবহণ, পুনরায় নদী পার হওয়ার পর অফগ্রীড এলাকাস্থ নদী ঘাট হতে সড়ক পথে উপকেন্দ্র পর্যন্ত পরিবহণ। গাড়ীভাড়া, নৌকা ভাড়া ও সকল প্রকার লোডিং আনলোডিং ঘাটের ইজারা প্রদান সকল ব্যয় অন্তর্ভূক্ত। | পরিবহন | |
| ০৬ | হিট ব্লোয়ার ম্যাশিন দিয়ে হিট প্রদান | পাওয়ার ট্রান্সফরমার মেরামত কাজে কারিগরী ভাবে দক্ষ ও অভিজ্ঞ লোকবল দ্বারা হিট ব্লোয়ার মেশিন দিয়ে পাওয়ার ট্রান্সফরমারের ভিতরের অংশ সহ কোর ও এইচটি/এলটি কয়েলে হিট প্রদান পূর্বক ইন্সুলেশন লেভেল গ্রহনযোগ্য মানের আনায়ন করা (দুইটি ট্রান্সফরমারে জন্য ২০ দিন সময়ের প্রয়োজন হতে পারে)। | কাজ | |
| ০৭ | পাওয়ার ট্রান্সফরমার তেল পরিবহন ও ট্যাংকআপ করণ | নতুন ট্রান্সফরমার তেল জামালপুর পবিসের সদর দপ্তরস্থ স্টোর হতে পানাগাড়ী উপকেন্দ্রে পৌছাঁনোর জন্য পবিসের সদর দপ্তর হতে সড়ক পথে (৫০ কি:মি:) পিংনা নৌকা ঘাটে পৌছানো। উক্ত নৌকা ঘাট হতে নৌপথে নৌকা যোগে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার অফগ্রীড এলাকাস্থ ৬নং জাজিরা ঘাট/ভেটুয়া ঘাট পর্যন্ত (১৪ কি:মি:) মালামাল পরিবহন, অতপর নৌকা ঘাট হতে পুনরায় সড়ক পথে (৬ কি:মি:) পানাগাড়ী উপকেন্দ্রে পৌছানো। সড়ক পথে পিক-আপ গাড়ী/ট্রাক/ভটভটি/যানবাহণ ভাড়া নৌকাঘাটের উভয় প্রান্তে মালামালের লোডিং আনলোডিং ও ঘাটের ইজারা/ঘাট ভাড়া ইত্যাদি ব্যয় অর্ন্তভূক্ত (প্রতি ড্রাম ২০০-২০৫ লিটার তেল পূর্ণ)। | ১৮ ড্রাম ট্রান্সফরমার অয়েল পরিবহন | |

| ক্রঃ নং | কাজের বিবরণ | বিস্তারিত বিবরণ | কাজ | উদ্ধৃত দর (টাকা) |
|---|---|---|---|---|
| ০৮ | হিট ব্লোয়ার ম্যাশিন পানাগাড়ী উপকেন্দ্র হতে সাভার ওয়ার্কশপে পরিবহণ | হিট ব্লোয়ার মেশিন দিয়ে পাওয়ার ট্রান্সফরমার এর হিটিং কাজ সম্পন্ন হওয়ার পর উক্ত হিট ব্লোয়ার মেশিন পানাগাড়ী উপকেন্দ্র হতে সিস্টেম অপারেশন সাভার ওয়ার্কশপে পরিবহণ। বর্নিত কাজের জন্য হিট ব্লোয়ার মেশিনটি পিক-আপ/ট্রাক যোগে সড়ক পথে পরিবহণ, বড় নৌকা যোগে নদী পরিবহণ, নদীর উভয় প্রান্তে ঘাটে পিক-আপ হতে আনলোডিং, নৌকায় লোডিং, পুনরায় নৌকা হতে আনলোডিং এবং পিক-আপ এ লোডিং, পরিশেষে সাভার ওয়ার্কশপে আনলোডিং, নদীর উভয় প্রান্তের নৌকা ঘাটের ইজারা প্রদান ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে। | পরিবহন | |
| ০৯ | যাবতীয় মালামাল, খালি ড্রাম, তিন পায়া ইত্যাদি নিয়ে জামালপুর পবিসের সদর দপ্তরে পরিবহণ | যাবতীয় মালামাল, খালি ড্রাম, তিন পায়া ইত্যাদি পানাগাড়ী উপকেন্দ্র হতে ভটভটি/ট্রাক/পিক-আপ/নৌকা যোগে পরিবহণ পূর্বক জামালপুর পবিসের সদর দপ্তরে পৌছাঁনো। উক্ত কাজের জন্য গাড়ী ভাড়া/নৌকা ভাড়া ও ঘাটের ইজারা প্রদান ইত্যাদি নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে। | পরিবহন | |
| ১০ | অস্থায়ী জেটি নির্মাণ | পাওয়ার ট্রান্সফরমারের এইচটি ও এলটি কয়েল ট্রাকে লোডিং সহ ট্রাকযোগে বড় নৌকা বা বার্জে প্রবেশ করা এবং বার্জ হতে পুনরায় ঘাটে অবতরন বা নামার জন্য নদীর দুই প্রান্তে দুটি অস্থায়ী জেটি নির্মাণ। | কাজ | |
| | | | মোট= | |

**শর্তাবলীঃ-**

০১। আগ্রহী দরদাতা/প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র সমূহ যথাযথভাবে পুরণ পূর্বক আগামী ২৬.০৭.২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে (ক) জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১১.০৫ ঘটিকার সময় দাখিলকৃত দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে এবং পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র পবিসের সদর দপ্তরে মূল্যায়ন করা হবে (দরপত্র সমূহ ডাকযোগে গ্রহণযোগ্য নয়)।

০২। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সার্টিফিকেট ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। বর্ণিত কাজের অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে।

০৪। খামের উপর **পানাগাড়ী ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ০২টি বিনষ্ট ৩.৩৩ এমভিএ পাওয়ার ট্রান্সফরমারের মেরামতকৃত এইচটি ও এলটি কয়েল পরিবহন, লোডিং-আনলোডিং ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ সহ চালু করণের দরপত্র** কথাটি স্পষ্ট আকারে লিখতে হবে। দরপত্র সঠিক ভাবে পুরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে।

০৫। মালামাল সরবরাহ পূর্বক বর্ণিত কাজ সম্পন্নের পর অত্র সমিতির কারিগরী বিভাগ কর্তৃক বর্ণনা অনুযায়ী কাজ ও সরবরাহকৃত মালামালের গুণগতমান যাচাই করা হবে। যাচাইয়ের পর সন্তোষজনক প্রতিবেদনের প্রেক্ষিতে বিল পরিশোধ করা হবে।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ ও বর্ণিত কাজ সন্তোষজনকভাবে সম্পন্নের পর বিল দাখিল সাপেক্ষে নিয়মানুযায়ী একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট/ আয়কর কর্তন করা হবে।

০৭। বিলম্বে মালামাল সরবরাহ ও সেবা প্রদান করা হলে বিল হতে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর অংশ অর্থ বিল হতে কর্তন করা হবে তবে তা কোন অবস্থাতেই কার্যাদেশ অনুযায়ী দাখিলকৃত মূল্যের ১০%এর অধিক হবে না।

০৮। দরপত্রে কোন কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৯। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন/সকল দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের অনুরোধ করা হলো)
০২। জেলা প্রশাসক, জামালপুর।
০৩। পুলিশ সুপার, জামালপুর।
০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ. ঢাকা।
০৫। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, জামালপুর।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,--------------------------পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, জামালপুর সদর উপজেলা, জামালপুর।
০৮। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/সরিষাবাড়ী/ইসলামপুর/বকশীগঞ্জ/মেলান্দহ/মাদারগঞ্জ/রৌমারী /নান্দিনা/দেওয়ানগঞ্জ জোনাল অফিস, জাপবিস।
০৯। এজিএম (ওএন্ডএম), নামাজেরচর/সানন্দবাড়ী/ফুলকোচা/কয়রা সাব-জোনাল অফিস, জাপবিস।
১০। এজিএম(এইচ আর/ওএন্ডএম/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এম এস/ইএন্ডসি/আইটি-১/আইটি-২), জাপবিস।
১১। এজিএম(আইটি-১/আইটি-২), জাপবিস (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১২। মের্সাস-------------------------------------------------------।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, জামালপুর পবিস।
১৪। অফিস/মাস্টার কপি।

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার